



বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
www.bim.gov.bd
হিউম্যান রিসোর্স ডিভিশন



স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০১১.৩৩.০০১.২০.৬

তারিখ: ২ চৈত্র ১৪২৭

১৬ মার্চ ২০২১

বিষয়: 'সু-শাসন (Good Governance) সংহতকরণ বাস্তবায়নেঃ জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সিটিজেনস চার্টার' শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম), ঢাকা ক্যাম্পাসে আগামী ০২ - ০৩ এপ্রিল, ২০২১ খ্রিঃ 'সু-শাসন (Good Governance) সংহতকরণ বাস্তবায়নেঃ জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সিটিজেনস চার্টার ও পাবলিক সার্ভিস ইনোভেশন' শীর্ষক দুই দিনব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য কোর্সটি বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে বাস্তবায়ন করা হবে। উক্ত প্রশিক্ষণটি বাংলাদেশ সরকারের সুশাসন বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কর্মসূচীসমূহ যথা জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার আইন, সিটিজেনস চার্টার বিষয়সমূহের দক্ষতা উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে। সেই প্রেক্ষিতে সু-শাসন প্রতিষ্ঠায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট সরকারের ভিশন ও মিশন বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ। সু-শাসন প্রতিষ্ঠায় সামগ্রিক উদ্যোগের সহায়ক কৌশল হিসেবে “সোনার বাংলা গড়ার প্রত্যয়” সরকারী/বেসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন একান্তভাবে জরুরী যা সু-শাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ। এ বিষয়ে আপনার সহযোগীতা একান্ত কাম্য। বর্ণিত বিষয়ে আপনার প্রতিষ্ঠানের কর্মীদের আগামী ৩০ মার্চ, ২০২১ খ্রিঃ মধ্যে মনোনয়ন প্রদান করতঃ কোর্স কে সাফল্যমন্ডিত করার জন্য আপনাকে বিনিত অনুরোধ করা যাচ্ছে।

উক্ত প্রশিক্ষণে নিম্নলিখিত বিষয়ে আলোকপাত করা হবেঃ

- জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
- তথ্য অধিকার আইন
- সিটিজেনস চার্টার
- অভিযোগ প্রতিকার ব্যবস্থা

প্রশিক্ষণ ফিঃ জন প্রতি ১২,০০০/- (বার হাজার টাকা মাত্র, ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) যা মহাপরিচালক, বিআইএম বরাবর পে-অর্ডার, ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রেরন করা যাবে। উল্লেখ্য যে, কোর্স ফি এর মধ্যে প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ ভাতা ৩,০০০.০০ (তিন হাজার) টাকা প্রদান করা হবে (কোর্স ফি প্রাপ্তি সাপেক্ষে)।

তারিখঃ ০২ ও ০৩ এপ্রিল, ২০২১ (শুক্রবার ও শনিবার)

সময়ঃ সকাল ৯টা - বিকাল ৫টা পর্যন্ত।

প্রশিক্ষণার্থীঃ স্ব-স্ব প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ।

উক্ত প্রশিক্ষণ কোর্সে সমন্বয়কারী হিসাবে জনাব মোঃ জাফর আলী, ব্যবস্থাপনা উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।

প্রয়োজনে মোবাইলঃ ০১৭১২৫৯৪৬২১, ০১৮২২৮০০২০৫ ই-মেইলঃ alizafarbim@gmail.com যোগাযোগ করা যেতে পারে।



১৬-৩-২০২১

মোঃ জাফর আলী

ব্যবস্থাপনা উপদেষ্টা

ফোন: ০১৭১২৫৯৪৬২১

ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৪৭৬

ইমেইল: alizafarbim@gmail.com

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী
পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান
প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা